দৈনিক ইত্তেফাক

তারিখ ... 8 SEP 1995
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষা দিবস পালিত

ইত্তেফাক রিপোর্ট ॥ মহান শিক্ষা দিবস পালন উপলক্ষে বিভিন্ন ছাত্র সংগঠন ও সামাজিক প্রতিষ্ঠান গতকাল রবিবার পৃথক-ভাবে কর্মসূচীর আয়োজন করে। ছাত্র লীগ ( শা-পা ) জাতীয় প্রেসক্লাবের সম্মুখে এক ছাত্র সমাবেশে বলিয়াছে, সরকার ছাত্রদের ১০ দফা বাস্তবায়ন করে নাই। একটি বিজ্ঞানভিত্তিক সার্বজনীন শিক্ষানীতির জন্য ছাত্রলীগের আন্দোলন অব্যাহত থাকিবে। সমাবেশে সরকার পতনের আন্দোলন জোরদার করার আহ্বান জানান হয়। সংগঠনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্নার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে আখতার হোসেন, শাহজাহান আলম সাজু, কাজী ইবাদত হোসেন, রফিকুল ইসলাম, সুজিত রায় নন্দী, বাহাদুর ব্যাপারী, আবদুল ওয়াদুদ খোকন প্রমুখ বক্তৃতা করেন। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা অপরাজেয় বাংলার পাদদেশে এক ছাত্র সমাবেশে বলিয়াছে ৬২'র শিক্ষা আন্দোলনে দেশের ছাত্র সমাজ হামিদুর রহমান শিক্ষা কমিশন বাতিলের দাবীতে নিজের জীবন উৎসর্গ করিয়া প্রমাণ করিয়াছে অসত্য এবং ষড়যন্ত্র কোন দিন স্থায়ী হয় না। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি এ, বি, এম মোশারফ হোসেন সমাবেশে সভাপতিত্ব করেন।

শিক্ষা দিবস পালন উপলক্ষে জাতীয় ছাত্রসমাজ প্রেসক্লাবের সম্মুখে এক সমাবেশের আয়োজন করে। কেন্দ্রীয় সাধারণ সম্পাদক সারোয়ার হোসেন টিটুর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে হুমায়ুন কবীর চৌধুরী, দিদারুল আলম দিদার, খলিলুর রহমান খলিল প্রমুখ বক্তৃতা করেন। সমাবেশে সরকারের পদত্যাগ দাবীকরা হয়।

শিক্ষা দিবস পালন উপলক্ষে সমাবেশের পূর্বে ছাত্রলীগ (শা-পা), কেন্দ্রীয় গণতান্ত্রিক ছাত্র ঐক্য, জাতীয় ছাত্র সমাজ পৃথকভাবে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করে।

( ১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## শিক্ষা দিবস

( শেষ পৃঃ পর )

বাংলাদেশ শিক্ষা ফাউণ্ডেশন গ্রীন রোডস্থ অস্থায়ী কার্যালয়ে এক সভায় একটি গ্রহণযোগ্য জাতীয় শিক্ষানীতি প্রণয়নের দাবী করিয়াছে। অধ্যক্ষ কাজী ফারুক আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় প্রফেসর আলী আকবর খান, প্রফেসর জানে আলম শিকদার, ফরিদ হোসেন, আবদুল গাফফার খান প্রমুখ বক্তৃতা করেন। সভায় ৫ই অক্টোবর বিশ্বব্যাপী শিক্ষা দিবস পালনের সিদ্ধান্তের সহিত একাত্মতা প্রকাশ করা হয়।

গণতান্ত্রিক ছাত্রলীগ কেন্দ্রীয় কার্যালয়ে এক আলোচনা সভার আয়োজন করে। মীর সালাহউদ্দিন তরুণের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় খোকন চন্দ্র দাস, মিজানুর রহমান, ইফতেখার করীম মামুন প্রমুখ বক্তৃতা করেন।

ছাত্রলীগ (স্ব-আ) মতিঝিল চৌমোহনায় এক সমাবেশের আয়োজন করে। শহীদ উদ্দিন মাহমুদ স্বপন সমাবেশে সভাপতিত্ব করেন।

শিক্ষা দিবস উপলক্ষে প্রদত্ত বিবৃতিতে ডাকসুর ভিপি আমান উল্লাহ আমান, জি,এস খায়রুল কবীর খোকন বলেন, বর্তমান সরকার শিক্ষানীতিকে জাতীয়ভাবে অধিকতর গুরুত্ব দিয়া '২ হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা' এই নীতি বাস্তবায়নের জন্য জাতীয় বাজেটে শিক্ষাখাতে সর্বোচ্চ বাজেট বরাদ্দ করিয়াছে।